বিসমিল্লাহির রাহমানির রাহিম

# ১৩ নং তন্তর ইউনিয়ন পরিষদ

## TANTAR UNION PARISHAD

মোঃ আলী আকবর (চেয়ারম্যান) মোবাইলঃ ০১৭১৪৫৮৫২৫৮
ডাকঘরঃ তন্তর, উপজেলাঃ শ্রীনগর, জেলাঃ মুন্সীগঞ্জ।

তারিখ: ০৪/০২/২০২৫ ইং

তন্তর ইউনিয়ন পরিষদের ফেব্রুয়ারী/২০২৫ খ্রিঃ মাসের
মাসিক সভার কার্যবিবরণী

প্রতিষ্ঠানের নামঃ তন্তর ইউনিয়ন পরিষদ

সভা অনুষ্ঠানের স্থান/ঠিকানাঃ তন্তর ইউপি সভাকক্ষ

সময়ঃ বেলা ১২.০০, তাং ০৪/০২/২০২৫ ইং

| ক্রমিক নং | নাম | পদবী | ঠিকানা | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | মোঃ আলী আকবর | চেয়ারম্যান | তন্তর | | |
| ২ | কামরুন নাহার চৌধুরী | সদস্য | সংরক্ষিত ১,২,৩ নং ওয়ার্ড | | |
| ৩ | আলেয়া বেগম | সদস্য | সংরক্ষিত ৪,৫,৬ নং ওয়ার্ড | | |
| ৪ | পারভীন সুলতানা | সদস্য | সংরক্ষিত ৭,৮,৯ নং ওয়ার্ড | | |
| ৫ | শহিদুল ইসলাম | সদস্য | সিংপাড়া ১ নং ওয়ার্ড | | |
| ৬ | হুমায়ুন শিকদার | সদস্য | সিংপাড়া ২ নং ওয়াড | | |
| ৭ | মোঃ আলমগীর হোসেন | সদস্য | সোন্ধারদিয়া ৩ নং ওয়ার্ড | | |
| ৮ | আঃ আজিজ শিকদার | সদস্য | ব্রাহ্মনখোলা ৪ নং ওয়ার্ড | | |
| ৯ | মোঃ সাজ্জাদ হোসেন | সদস্য | পানিয়া ৫ নং ওয়ার্ড | | |
| ১০ | আবুল হোসেন | সদস্য | বুসদী ০৬ নং ওয়াড | | |
| ১১ | মাহমুদ ইউসুফ সাগর | সদস্য | তন্তর ৭নং ওয়ার্ড | | |
| ১২ | মোঃ সফিকুল ইসলাম (মিঠু) | সদস্য | পাড়াগাঁও ৮ নং ওয়ার্ড | | |
| ১৩ | মোঃ মামুন | সদস্য | পাড়াগাঁও ৯ নং ওয়ার্ড | | |

## অধিবেশনের আলোচ্য বিষয় সমুহঃ

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন প্রসঙ্গো।

২। টিসিবি স্মার্ট কার্ড কার্যক্রম ও এর অগ্রগতি সম্পর্কে আলোচনা।

৩। ০৩ নং ওয়ার্ডে গ্রাম পুলিশ-শূন্যপদে নিয়োগ সম্পর্কে আলোচনা।

৪। কাবিখা-কাবিটা ও টিআর খাতের ১ম ও ২য় কিস্তির বরাদ্দ নিয়ে আলোচনা।

| ক্র. নং | আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব প্রাপ্ত সংস্থা/ব্যক্তি |
|---|---|---|---|---|
| ০১ | গত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন । | অদ্যকার সভার শুরুতে বিগত সভার কার্যবিবরনী পাঠ করে শুনান অত্র কমিটির সদস্য সচিব জনাব মোঃ সোহেল রানা। | বিগত সভার কার্যবিবরী সর্বসম্মতক্রমে অনুমোদিত। | কমিটির সকল সদস্য |
| ০২ | টিসিবি স্মার্ট কার্ড কার্যক্রম ও এর অগ্রগতি সম্পর্কে আলোচনা। | অদ্যকার সভায় ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা জানান যে, আমাদের ইউনিয়নে বরাদ্দ কৃত ৪২৮ টি টিসিবির উপকারভোগী রয়েছে। এর মধ্য ৩২৬ টি টিসিবি কার্ড পাওয়া গিয়েছে, যা উপকার ভোগীদের প্রদান করা হয়েছে। এর মধ্যে অনলাইনে নথিভুক্ত করা হয়েছে ২২৫ টি। বাকি ১০১ টি টিসিবি কার্ড বিভিন্ন কারণে অনলাইনে নথিভুক্ত করা সক্ষম হয়নি। এর ফলে আগামী ০৯/০২/২০২৫ ই তারিখে যে টিসিবি কার্ডগুলো অনলাইনে নথিভুক্ত হয়েছে তারাই শুধুমাত্র টিসিবি পন্য ক্রয় করতে পারবেন।এছাড়া যদি কারো কার্ড হারিয়ে যায়, কার্ডধারী ব্যক্তি মারা যায় অথবা বিদেশ চলে গেলে উক্ত টিসিবি কার্ডটি বাতিল বলে গন্য হবে। তবে যদি কারো মোবাইল নাম্বার হারিয়ে যায় ও ভুল থাকে তবে ভবিষ্যতে সংশোধনের সুযোগ দিলে তা সংশোধন করে দেওয়া হবে। এবং অনলাইনে নথিভুক্ত না হওয়ার কারণে যে কার্ডগুলো বাতিল বলে গণ্য হবে সে বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ যে নির্দেশনা প্রদান করবেন সে অনুযায়ী পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে। | আমাদের ইউনিয়নে বরাদ্দকৃত ৪২৮ টি টিসিবি কার্ডের মধ্যে ৩২৬ টি টিসিবি কার্ড অনলাইনে নথিভুক্ত করা অনলাইনে নথিভুক্ত না হওয়ার কারণে যে কার্ডগুলো বাতিল বলে গণ্য হবে সে বিষয়ে উদ্ধতন কর্তৃপক্ষ যে নির্দেশনা প্রদান করবেন সে অনুযায়ী কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | তন্তর ইউপির সকল সদস্য ও ইউনিয়ন পরিষদ। |
| ০৩ | ০৩ নং ওয়ার্ডে গ্রাম পুলিশ-শূন্যপদ পূরণ সম্পর্কে আলোচনা। | ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা জানান যে, ০৩ নং ওয়ার্ডের গ্রাম পুলিশ সেলিম শিকদারের চাকুরীর মেয়াদ শেষ হয়ে যাওয়ায়, বর্তমানে ০৩ ওয়ার্ডের গ্রাম পুলিশের পদটি শূন্য রয়েছে। এর ফলে উক্ত ওয়ার্ডে আইন-শৃঙ্খলা পরিস্থিতির সার্বক্ষনিক তথ্য রাখা সম্ভব হচ্ছে না। এতে উক্ত ওয়ার্ডে কোন অপ্রীতিকর ঘটনা ঘটলে সাথে সাথে তা জানা সম্ভব নয়। তাছাড়া উপজেলা প্রশাসনের পক্ষ থেকে উক্ত শূন্য পদ পূরণের লক্ষ্যে চাহিদাপত্র চেয়েছেন। তাই সভাপতি সাহেব জানান যে, ০৩ নং ওয়ার্ডে গ্রাম পুলিশ-শূন্যপদ পূরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার কথা ব্যক্ত করেন। | আইন-শৃঙ্খলা পরিস্থিতির সার্বক্ষনিক তথ্য রাখতে গ্রাম পুলিশ প্রয়োজন। তাই ০৩ নং ওয়ার্ডে গ্রাম পুলিশ-শূন্যপদ পূরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | তন্তর ইউপির সকল সদস্য ও ইউনিয়ন পরিষদ। |

<table>
<tr>
<td>০৪</td>
<td>২০২৪-২০২৫ ইং অর্থ বছরের কাবিটা-কাবিখা ও টি আর এর ১ম ও ২য় কিস্তির বরাদ্দ নিয়ে আলোচনা</td>
<td>
সভাপতি সাহেব জানান যে, ২০২৪-২০২৫ ইং অর্থ বছরের কাবিটা-কাবিখা খাতে ১ম ও ২য় কিস্তির ৪৭,০৮৮৮৪/= টাকা ও খাদ্যশস্য ৫.০৬৮ মে. টন (গম) এবং টিআর খাতের ১ম ও ২য় কিস্তির ৫,১৬,০৯৯/= টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। এই টাকা ও খাদ্যশস্য দিয়ে প্রকল্প নিতে বললে উপস্থিত সকলে সর্বসম্মতি ক্রমে নিম্নোক্ত প্রকল্পসমূহ গ্রহন করা হয়।
<table>
<tr><th colspan="5">কাবিখা প্রকল্প<br>অর্থবছর: ২০২৪-২০২৫ (১ম ও ২য় পর্যায়)</th></tr>
<tr><th>ক্র. নং</th><th>প্রকল্পের নাম</th><th>ওয়ার্ড নং</th><th>খাদ্যশস্য (গম)</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>সোন্দারদিয়া মেইন রোড হতে আসলাম বেপারীর বাড়ী পর্যন্ত মাটির রাস্তা পুনঃ নির্মাণ।</td><td>০৩</td><td>৫.০৬৮ মে. টন।</td><td></td></tr>
<tr><th colspan="5">কাবিটা প্রকল্প<br>অর্থবছর: ২০২৪-২০২৫ (১ম ও ২য় পর্যায়)</th></tr>
<tr><th>ক্র. নং</th><th>প্রকল্পের নাম</th><th>ওয়ার্ড নং</th><th>টাকার পরিমাণ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>পাড়াগাঁও আলাউদ্দিন বেপারীর বাড়ী হতে সিরাজ খানের বাড়ী পর্যন্ত রাস্তায় মাটি ভরাট ও ইটের সোলিং।</td><td>০৮</td><td>৩,০০,০০০</td><td></td></tr>
<tr><td>০২</td><td>পানিয়া রাস্তা হতে নুরুজ্জামান বেপারীর বাড়ী পর্যন্ত রাস্তায় মাটি ভরাট ইটের সোলিং।</td><td>০৬</td><td>২,০০,০০০</td><td></td></tr>
<tr><td>০৩</td><td>সোন্দারদিয়া কোল্ড স্টোরেজ থেকে দপ্তরী বাড়ীর কালভার্ট পর্যন্ত</td><td>০৩</td><td>২,০৮,৮৮৪</td><td></td></tr>
</table>
</td>
<td>২০২৪-২৫ ইং অর্থ বছরে ইং অর্থ বছরের কাবিখা-কাবিটা ও টিআর ◌ু খাতে ২০২৪-২০২৫ অর্থ বছরের ১ম ও ২য় কিস্তির বরাদ্দ বিষয়ে আলোচনা শেষে উক্ত প্রকল্পগুলো গ্রহণ ও বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>তন্তর ইউপির সকল সদস্য ও ইউনিয়ন পরিষদ।</td>
</tr>
</table>

<table>
<tr><td></td><td></td><td>
<table>
<tr><td></td><td>আরসিসি রাস্তার দুই পাশে মাটি ভরাট।</td><td></td><td></td><td></td></tr>
<tr><td colspan="3">মোট=</td><td>৭,০৮,৮৮৪</td><td></td></tr>
<tr><td colspan="5">টিআর প্রকল্প<br>অর্থবছর: ২০২৪-২০২৫ (১ম ও ২য় পর্যায়)</td></tr>
<tr><td>ক্র. নং</td><td>প্রকল্পের নাম</td><td>ওয়ার্ড নং</td><td>টাকার পরিমাণ</td><td>মন্তব্য</td></tr>
<tr><td>০১</td><td>পারভীনদের বাড়ী হতে মামুনের বাড়ী পর্যন্ত মাটির রাস্তা ও ইটের সোলিং মেরামত।</td><td>০১</td><td>১,২০,০০০</td><td></td></tr>
<tr><td>০২</td><td>সিংপাড়া নার্সারী থেকে মাদ্রাসা পর্যন্ত মাটির রাস্তা পুনঃ নির্মাণ।</td><td>০২</td><td>১,৫০,০০০</td><td></td></tr>
<tr><td>০৩</td><td>পানিয়া খলিলের দোকান হতে আল ইসলামের বাড়ি পর্যন্ত রাস্তা মাটি ভরাট ও ইটের সলিং।</td><td>০৫</td><td>২,৪৬,০৯৯</td><td></td></tr>
<tr><td colspan="3">মোট=</td><td>৫,১৬,০৯৯</td><td></td></tr>
</table>
</td><td></td><td></td></tr>
<tr><td>০৫</td><td>সভার সমাপ্তি</td><td>অদ্য আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।</td><td></td><td></td></tr>
</table>

মোঃ আলী আকবর
চেয়ারম্যান
১৩ নং তন্তর ইউনিয়ন পরিষদ
শ্রীনগর, মুন্সীগঞ্জ।

(মোঃ আলী আকবর)
চেয়ারম্যান
তন্তর ইউনিয়ন পরিষদ
শ্রীনগর, মুন্সীগঞ্জ।